ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
অর্থ ও হিসাব দপ্তর
www.iau.edu.bd
বাড়ি নং-১৭, ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/অওহি/খাত ভিত্তিক আয় নিশ্চিতকরণ (২০৭)/২০২৪/৪৮২৯ তারিখ: ২৬/০১/২০২৬ খ্রি.

বিষয়: পে স্লিপ এর Payment Status যাচাই/নিশ্চিতকরণ করে সেবা প্রদান প্রসঙ্গে।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত ফি পুনঃনির্ধারণ কমিটির প্রতিবেদনের আলোকে গত ২০.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত অর্থ কমিটির ৩৩ তম সভার সুপারিশ-৫.২ ও ৬.২ এবং ২০.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪০ তম সভার সিদ্ধান্ত-৩ মোতাবেক ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ও প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাদরাসাসমূহ এবং শিক্ষার্থীদের নিকট থেকে আদায়কৃত ফি-এর হার পুনঃনির্ধারণ করা হয়েছে ( স্মারক নং ইআবি/রেজি/প্রশা/পার্ট ফাইল-৫/২০২১/১৩০৩১, তারিখ: ২৫.০১.২০২৬ খ্রি.) ।

ফি পুনঃনির্ধারণের বিষয়ে জারিকৃত উক্ত অফিস আদেশ অনুযায়ী এ্যাকাউন্টিং ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার আপডেট করা হয়েছে। এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের পুনঃনির্ধারিত ফি এর সাথে পে স্লিপ এর Deposit Amount খাত/হেড ভিত্তিক ফি/কালেকশন বিশ্ববিদ্যালয়ের ব্যাংক হিসাবে জমা করা হয়েছে কিনা তা নিশ্চিত হওয়ার জন্য Payment Status যাচাই/নিশ্চিতকরণ করে সেবা প্রদান করার জন্য নিম্নবর্ণিত ধাপসমূহ অনুসরণ করা প্রয়োজন:

১ম ধাপ: বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.iau.edu.bd তে প্রবেশ করতে হবে ;
২য় ধাপ: পেমেন্ট অপশন থেকে পেমেন্ট নিশ্চিতকরণ/Payment Confirmation মেনুতে প্রবেশ করতে হবে ;
৩য় ধাপ: Payment Checking Transaction ID টাইপ করে Find এ ক্লিক করতে হবে ;
৪র্থ ধাপ: Head Name, Payment Status, Payment Date, Bank Transaction ID & Deposit Amount দেখা যাবে ;
৪র্থ ধাপ: Payment Status এ Paid লেখা থাকলে পে স্লিপ এর টাকা ব্যাংকে জমা হয়েছে ;
৫ম ধাপ: Payment Status এ Pending লেখা থাকলে পে স্লিপ এর টাকা ব্যাংকে জমা হয়নি ( Pending থাকলে সংশ্লিষ্ট বিষয়ে সেবা প্রদান করার ক্ষেত্রে অর্থ ও হিসাব দপ্তরের সংশ্লিষ্ট সহকারী পরিচালক, অর্থ ও হিসাব (জনাব মো: রুমী কিসলু, ফোন: +৮৮০২২২৩৩২৬৭২৫) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

উপরোক্ত ধাপসমূহ অনুসরণ করে Payment Status যাচাই করে সংশ্লিষ্ট সেবা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

২৬/১/২০২৬

(এ এস এম মামুনুর রহমান খলিলী)
ট্রেজারার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- ইআবি/অওহি/খাত ভিত্তিক আয় নিশ্চিতকরণ (২০৭)/২০২৪/ ৪৮২৭ তারিখ: ২৬/০১/২০২৬ খ্রি.

অনুলিপি (সদয় অবগতির জন্য):
১. একান্ত সচিব, ভাইস চ্যান্সেলর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
২. একান্ত সচিব, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৩. আইসিটি শাখা (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৪. অফিস নথি।

২৬.০১.২০২৬
(মো: রুমী কিসলু)
সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
মোবাইল: ০৭১৭১১৭৭৪৫৯৬
ইমেইল: rumikislu.iau@gmail.com